# জাতীয় বিশ্ববিদ্যালয়
## পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
## গাজীপুর

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/এলএলবি শেষ বর্ষ/২০১২/১৩৮৭ তারিখ ঃ ২৯/০৮/২০১৩

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১২ সালের এলএলবি শেষ বর্ষ পরীক্ষা আগামী নভেম্বর'২০১৩ অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীদের আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদানের তারিখ, নিয়ম ও শর্তাবলী নিম্নরূপ ঃ

| পরীক্ষার ফি | | আবেদন ও বিবরণী ফরম পূরণ শুরুর তারিখ | আবেদন ফরম পূরণ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | বিবরণী ফরম এবং ব্যাংক ড্রাফট বিশ্ববিদ্যালয়ে জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| বিবরণ | পরিমান (টাকা) | | | |
| ১। পরীক্ষার্থী প্রতি নিয়মিত/ অনিয়মিত | প্রতিপত্র ২৬০/-হিসাবে ২৬০×৭=১৮২০/- | ১০/০৯/২০১৩ | ২৪/০৯/২০১৩ | ২৬/০৯/২০১৩ |
| ২। মানউন্নয়ন (যারা গত বছর সব পত্র পরীক্ষায় অংশগ্রহণ করেছে) | প্রতিপত্র ২৬০/- হিসাবে + বিশেষ অন্তভুক্তি ফি ৫০০/- | | | |
| ৩। কেন্দ্র ফি পরীক্ষার্থী প্রতি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না) | ৪০০/- | | | |
| ৪। নম্বরপত্র ও সাময়িক সনদপত্র ফি | ২৫০+২৫০ =৫০০/- | | | |

*বিঃদ্রঃ গত ০২ বছর যারা এই পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের সাময়িক সনদ ও নম্বরপত্রের ফি জমা দিতে হবে না।*

১। <u>আবেদন ফরম সংগ্রহ</u> ঃ

এলএলবি পরীক্ষার আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nubd.info** থেকে ডাউন লোড করতে হবে। পরীক্ষার্থী নিজে অথবা কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে আবেদন ফরম প্রিন্ট করে বা প্রিন্টকৃত কপি ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থীকে আবেদন ফরম পূরণ করার পর নির্ধারিত ফি জমা দিয়ে কলেজের সংশ্লিষ্ট বিভাগে ফরম জমা দিতে হবে।

২। <u>পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী</u> ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত এল এল বি শেষ বর্ষ পরীক্ষার পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী ২০১২ সালের এল এল বি শেষ বর্ষ পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২০০৯-১০, ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ এর পরীক্ষার্থীরা এই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১১ সালের এল এল বি শেষ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে ২০১২ সালের এল এল বি শেষ বর্ষ পরীক্ষায় মানউন্নয়ন/অনিয়মিত/বিশেষ পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এ ধরণের পরীক্ষার্থী ২০১১ সালের পরীক্ষায় যে সকল পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু ঐ পত্রগুলোতে অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার্থী ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩। <u>আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য)</u> :

ক) পরীক্ষার্থীরা আবেদন ফরম (পরীক্ষার্থীর অংশ) স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট কলেজে জমা দিবে। আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িতফটোকপি এবং ইতিপূর্বে অংশগ্রহনকারী পরীক্ষার্থীদের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

খ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে পরীক্ষা কোড লিখতে হবে। পরীক্ষা কোড লিখতে কোন প্রকার ভুল হলে পুনরায় সঠিকভাবে লিখতে হবে।

গ) ফরম পূরণে ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্র ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। এক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে বিবরণীর ফটোকপি জমা দিতে হবে।

ঘ) প্রত্যেক পরীক্ষার্থীকে সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট আকারের ছবি (কলেজর অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

চ) অসম্পূর্ণ আবেদন ফরম কোন প্রকার যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

৪। <u>আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (কলেজের জন্য)</u> :

ক) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা Online-এ রক্ষিত আছে। যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা Online-এ না থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থীর কাগজপত্র যাচাই করে আবেদন ফরম পূরণ করার পর হাতে লিখে বিবরণী ফরম তৈরী করে বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া যাবে। বর্ণিত তথ্য সঠিক হলে বিশ্ববিদ্যালয় তা যাচাই করে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিবে।

খ) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করেছে কি-না তা যাচাই করে কো-অর্ডিনেটর স্বাক্ষর করবেন, অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

গ) আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রবেশপত্রের ফটোকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব কলেজ সংরক্ষণ করবে। এটি বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে না।

ঘ) যদি কোন পরীক্ষার্থীর আবেদনফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয় (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর এক বছর পর্যন্ত) তবে তা সরবরাহ করতে হবে।

৫। <u>বিবরণী ফরম/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য)</u>ঃ

৫। বিবরণী ফরম/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য)ঃ

ক) নিয়মিত/অনিয়মিত/ মান উন্নয়ন পরীক্ষার্থীদের বিবরণী ফরম আলাদা ভাবে তৈরি করার প্রয়োজন নেই।
খ) এন্ট্রির জন্য Data Entry user manual বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট এ দেওয়া আছে। Data Entry করার সময় এর নিয়মাবলী অনুসরন করা যেতে পারে।

গ) কলেজগুলোকে Online-এর User ID এবং Password বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ করতে হবে।
ঘ) আবেদন ফরমের পরীক্ষার্থীর অংশ থেকে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড নির্ধারিত ওয়েব সাইট www.nubd.info এর মাধ্যমে এন্ট্রি করতে হবে।

ঙ) মান উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন পরীক্ষা দিতে ইচ্ছুক সে গুলির বিষয় কোড এন্ট্রি করতে হবে।
চ) ফরম পূরণের নিয়মাবলী ও তথ্যাদি ওয়েব সাইটে দেয়া আছে।
ছ) Data Entry অনলাইন Software ওয়েব সাইটে www.nubd.info এ আগামী ১০/০৯/২০১৩ তারিখ হতে পাওয়া যাবে।

৬। বিবরণী ফরম ও ফি জমা দেওয়ার নিয়মাবলী ঃ

ক) ডাটা এন্ট্রি সম্পন্ন হলে অনলাইনে এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের বিবরণী ও ফি বিবরণী প্রিন্ট করতে হবে। ডাটা এন্ট্রি করার পর কলেজ কর্তৃপক্ষের স্বাক্ষরিত কপি সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।
খ) পরীক্ষার্থীদের ফি এর সকল সমুদয় অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে তিন কপি ফি জমাদানের বিবরণী ফরম (যা নির্ধারিত সফটওয়ারের মাধ্যমে এন্ট্রি করে তার পরে প্রিন্ট দিলে পাওয়া যাবে) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখার মাধ্যমে সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।
গ) সকল প্রকার ফি এর ড্রাফট রেজিস্ট্রার জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে করতে হবে এবং সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ উক্ত ব্যাংক ড্রাফটের বিপরীত পৃষ্ঠায় সীলসহ স্বাক্ষর করবেন।
ঘ) কেবলমাত্র সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ব্যাংক ড্রাফট করা যাবে এবং তা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে গৃহীত ও সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয় হতে হবে।

৭। পরীক্ষা পরিচালনাঃ

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ২৫% দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৭৫% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষা শুরুর পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

৮। সর্বশেষ অধিভূক্তি নবায়নের কপি জমা দিতে হবে।

পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে জানা যাবে।

বিঃদ্রঃ- পরীক্ষার সময়সূচী যথাসময়ে প্রকাশ করা হবে।
পরীক্ষা সংক্রান্ত যে কোন তথ্য জানতে প্রয়োজনে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)- এর ০২-৯২৯১০৪২ অথবা ০১৭১০৮৮৩৮৭৮ নম্বরে যোগাযোগ করা যাবে।

**যে সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ নাই এমন পরীক্ষার্থীদের ফরম পূরণের ফি জমা দিলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তার দায় দায়িত্ব বহন করবে না।**

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/এলএলবি শেষ বর্ষ/২০১২/

তারিখ ঃ ..............................

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :
১। প্রো-ভাইস-চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৫। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৬। পরিচালক, কম্পিউটার ও আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
৭। উপ-রেজিস্ট্রার (একাডেমিক শাখা), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৮। অধ্যক্ষ, অধিভুক্ত সকল আইন কলেজ।
৯। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয়।
১০। অফিস নথি।

২১/৮/১৩

(মেজবাহ্ উদ্দিন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।